গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৯০

## রাজশাহীতে আন্তর্জাতিক টেনিস চ্যাম্পিয়নশিপ এর শুভ উদ্বোধন

রাজশাহী; ১৯ আশ্বিন (৪ অক্টোবর):

শুরু হয়ে গেছে ৩০তম ইন্টারন্যাশনাল (অনূর্ধ্ব-১৮) জুনিয়র টেনিস চ্যাম্পিয়নশিপ-২০২৫। আজ (৪ অক্টোবর) বিকাল সাড়ে তিনটায় বেলুন-ফেস্টুন উড়িয়ে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

উদ্বোধনকালে বিভাগীয় কমিশনার বলেন, এটি একটি আন্তর্জাতিক টুর্নামেন্ট। আমরা আমাদের সাধ্য অনুযায়ী আন্তর্জাতিক মানের সমস্ত আয়োজন করেছি। পদ্মা নদীর পাড়ে অবস্থিত আমাদের রাজশাহী অত্যন্ত স্বাস্থ্যকর শহরেই আমাদের টেনিস কোর্ট।

তিনি বলেন, সবকিছু মিলিয়ে আন্তর্জাতিকভাবে বহু বছর ধরে এই ভেন্যুটি ব্যবহৃত হচ্ছে। এ বছরেও সকল খেলোয়াড়রা এখানে এসেছেন। আমরা অত্যন্ত আনন্দের সাথে আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি। নিশ্চয়ই আমরা সকল নিয়মকানুন মেনে খেলোয়াড়সুলভ আচরণ করব। সবাই এখানে বিজয়ী হবে ইনশাআল্লাহ।

তিনি আরও বলেন, এই টেনিস খেলাটা যদিও আমাদের অঞ্চলে অতটা বিস্তার লাভ করে নাই, সকল স্তরের সবাই খেলছে না তবুও আমাদের খেলার জন্য আটটি টেনিস কোর্ট রয়েছে। আটটি কোর্টের মধ্যে চারটি কোর্টে দিবারাত্রী খেলার সুযোগ আছে। বাকি চারটি কোর্টে শুধু দিনে খেলার সুযোগ আছে। এ সময় তিনি দেশের এবং আন্তর্জাতিক সকল টেনিস খেলোয়াড়দের এখানে খেলতে আসার অনুরোধ জানান পাশাপাশি টুর্নামেন্টের উদ্বোধন ঘোষণা করেন।

টুর্নামেন্টের কনভেনর মোহাম্মদ হাবিবুর রহমান এর সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক আব্দুস সামাদ এবং রাজশাহী পুলিশ সুপার ফারজানা ইসলাম।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিভিন্ন দেশ হতে আগত খেলোয়াড় ও ম্যানেজারবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ ও সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

.........................................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৭:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd